



চিকুনগুনিয়া আপডেট ইস্যু নং-১০, তারিখ: ১২ জুলাই, ২০১৭

চিকুনগুনিয়া হেল্প ডেস্কের করণীয়

আপনারা অবগত আছেন যে ইতোমধ্যে চিকুনগুনিয়া রোগীদের চিকিৎসা সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করার জন্য সকল সরকারি হাসপাতালে হেল্প ডেস্ক খোলার পরামর্শ দেওয়া হয়েছে। অনতিবিলম্বে হেল্প ডেস্ক খুলতে হবে এবং হেল্প ডেস্ক সফলভাবে পরিচালনা করার জন্য নিম্নলিখিত পরামর্শ মোতাবেক হেল্প ডেস্ক পরিচালনা করার পরামর্শ দেওয়া হল :

- ১। একজন দায়িত্বশীল ব্যক্তিকে এই হেল্প ডেস্কের দায়িত্ব দিতে হবে।
- ২। সাধারণ মানুষের দৃষ্টিগোচর হয় এমন স্থানে ব্যানার লাগাতে হবে।
- ৩। চিকুনগুনিয়া চিকিৎসা দিতে হবে অথবা হাসপাতালের কোথায় চিকিৎসা দেওয়া হয় তা স্পষ্ট করে বাংলায় লিখে ব্যানার টানাতে হবে এবং হেল্প ডেস্কে আগত রুগীকে এই ব্যাপারে সহায়তা দিতে হবে।
- ৪। আগত প্রতিটি রুগীকে চিকুনগুনিয়া সম্পর্কে স্বাস্থ্য শিক্ষা দিতে হবে।
- ৫। চিকুনগুনিয়া চিকিৎসা গাইডলাইন আইইডিসিআর-এর ওয়েবসাইটে পাওয়া যাচ্ছে। www.iedcr.gov.bd।
- ৬। হেল্প ডেস্ক এর কার্যক্রম শুরু করে চিকুনগুনিয়া কন্ট্রোল রুমকে অবহিত করার পরামর্শ দেওয়া হল। যোগাযোগঃ pheoc@iedcr.gov.bd
- ৭। প্রতিদিন হেল্প ডেস্কে সহায়তা নিতে আসা সম্ভাব্য চিকুনগুনিয়া রুগীদের তথ্য চিকুনগুনিয়া নিয়ন্ত্রণ কক্ষে প্রেরণ করতে হবে। যোগাযোগঃ pheoc@iedcr.gov.bd অথবা info@iedcr.gov.bd

আরথ্রালজিয়া ক্লিনিক (Arthralgia Clinic) করণীয়

চিকুনগুনিয়া হলে অস্থিসন্ধিতে ব্যথা হয় বিধায় ব্যথার চিকিৎসা প্রয়োজন। কিছু কিছু রুগীর অস্থিসন্ধি ব্যথা দীর্ঘস্থায়ী হতে পারে। চিকুনগুনিয়া রোগ পরবর্তী গিঁটে ব্যথার তিনটি ধাপ রয়েছে :

- প্রাথমিক পর্যায় (১ হতে ২১ দিন)
- পরবর্তী প্রশমন পর্যায় (২১ দিন হতে ৩ মাস)
- চলমান/ক্রনিক পর্যায় (৩ মাসের পর)

প্রায় ৫০% চিকুনগুনিয়া রুগীদের কিছু লক্ষণ এক মাস বা তার চেয়ে দীর্ঘ এক বছর পর্যন্ত স্থায়ী হতে পারে। গিঁটে ব্যথা তার মধ্যে অন্যতম। তাই এর চিকিৎসার জন্য প্রতিটি সরকারি হাসপাতালে আরথ্রালজিয়া ক্লিনিক (Arthralgia Clinic) খোলার পরামর্শ দেওয়া হয়েছে। আরথ্রালজিয়া ক্লিনিক বা জয়েন্ট পেইন ক্লিনিক পরিচালনায় নিম্নলিখিত পরামর্শ দেওয়া হল যা যথাযথভাবে পালনের জন্য অনুরোধ করা হল।

- ১। একজন বিশেষজ্ঞ চিকিৎসকের তত্ত্বাবধানে আরথ্রালজিয়া ক্লিনিক পরিচালনা করতে হবে।
- ২। চিকুনগুনিয়া আক্রান্ত রুগীকে পারাসিটামল সেবন এবং প্রচুর তরল খাবার/পানীয় গ্রহণ করতে পরামর্শ দিতে হবে।
- ৩। ১০ দিনের বেশি ব্যথা থাকলে জাতীয় চিকিৎসা গাইডলাইন অনুযায়ী চিকিৎসা দিতে হবে। জয়েন্ট পেইন বা অস্থিসন্ধিতে ব্যথা হলে জাতীয় গাইডলাইনে বর্ণিত চিকিৎসা অনুসরণ করতে হবে।
- ৪। জটিল রুগীকে মেডিসিন বিশেষজ্ঞ বা অস্থিসন্ধি বিশেষজ্ঞকে রেফার করবেন।
- ৫। যে কোন প্রয়োজনে চিকুনগুনিয়া নিয়ন্ত্রণ কক্ষে যোগাযোগ করতে হবে। যোগাযোগঃ pheoc@iedcr.gov.bd অথবা info@iedcr.gov.bd

প্যারাসিটামল, ও ব্যথানাশক ঔষধের ব্যবহার

- জ্বর এবং ব্যথার জন্য প্যারাসিটামল দেয়ে যেতে পারে।
- এসপিরিন জাতীয় ঔষধ পরিহার করতে হবে।
- যদি প্যারাসিটামল কাজ না করে সেক্ষেত্রে ট্রামাডল এককভাবে বা প্যারাসিটামল এর সংমিশ্রণে দেয়া যেতে পারে।
- ডেসু জ্বর নেই নিশ্চিত হয়ে NSAID দ্বারা ব্যথার চিকিৎসা শুরু করা যেতে পারে।

স্টেরয়েড ব্যবহারঃ

এ সমস্ত ঔষধ ব্যবহার না করাই উচিত কেননা অল্প বা দীর্ঘ সময়ের ব্যবহারের পর ব্যথা কমে গিয়ে আবার তা তীব্রভাবে ফিরে আসতে পারে।

হটলাইন ও আপডেট

গতকাল ১১ই জুলাই বিকেল ৫টা পর্যন্ত ১২৮ জন হটলাইন থেকে এবং ২১ জন ব্যক্তি সরাসরি উপস্থিত হয়ে বিভিন্ন তথ্য জানতে চান। তারা বেশীরভাগ ঢাকা থেকে এবং এছাড়া নারায়ণগঞ্জ, গাজীপুর ও জামালপুর জেলা থেকে যোগাযোগ করেন। ১১ই জুলাই বিকেল ৫টা পর্যন্ত আইইডিসিআর ল্যাবরেটরীতে নিশ্চিত চিকুনগুনিয়া রোগীর সংখ্যা ৬৩০।

চিকুনগুনিয়া সম্বন্ধে বিস্তারিত জানতে এই ওয়েবসাইট ভিজিট করুন- www.iedcr.gov.bd অথবা হটলাইন নাম্বার ০১৯৩৭১১০০১১, ০১৯৩৭০০০০১১ ফোন করুন।